

# কথাসাহিত্যে মাস্টারমশাই

*Phakiracharya*  
Principal

Kalipada Ghosh Tarai Mahavidyalaya

PRINCIPAL  
Kalipada Ghosh Tarai  
Mahavidyalaya  
Bagdogra

সম্পাদনা  
সুব্রত পাল  
পতন দাস

সম্পাদনা

*Phakuntala*  
Principal

Kalipada Ghosh Tarai Mahavidyalaya

PRINCIPAL  
Kalipada Ghosh Tarai  
Mahavidyalaya  
Bagdogra

## KATHASAHITYE MASTERMASHAI

*Edited by*

Subrata Paul, Patan Das

ISBN 978-93-94618-22-0

প্রথম প্রকাশ

এপ্রিল ২০২০

প্রকাশক

গুণেন শীল

পত্রলেখা

১০ বি কলেজ রো

কলকাতা ৯

চলভাষ : ৯৮৩১১১০৯৬৩

বর্ণসংস্থাপন

অক্ষরবৃত্ত

মুদ্রণ

ভারতী অফসেট

কলকাতা ১১৮

প্রচ্ছদ

মৃগাল শীল

দাম

২০০.০০

## সূচি

### প্রথম পর্ব

পণ্ডিতমশাই : ব্যক্তি থেকে আদর্শ শিক্ষকে উত্তরণের পাঠ

সৌরভ বসাক ১৭

ধাত্রীদেবতা : আদর্শ শিক্ষক রামরতন

নিরু বর্মন ২৫

তিমির তীর্থ : এক ছদ্মবেশী শিক্ষকের কাহিনি

গোবিন্দ বর্মন ৩১

সন্দীপন পাঠশালা : অন্ধকার থেকে আলোয়

উত্তরণের কাভারি সীতারাম পণ্ডিত

পিংকী রায় ৩৮

জলপাইহাটি : নিপীড়িত-অধঃপতিত শিক্ষক সমাজের চিত্র

মৃগাল কান্তি রায় ৪৩

মানুষ গড়ার কারিগর : একটি আদর্শের মৃত্যু

কৃষ্ণ মোহন ভৌমিক ৫১

চাঁদের অমাবস্যা : শিক্ষক আরেফ আলীর মনস্তাত্ত্বিক

টানাপোড়েন ও আদর্শের জয়

পিংকি বর্মন ৫৮

মাস্টার সাব : শিক্ষকের গুরু দায়িত্বে মুক থেকে মুখরতার চূড়ান্ত বিকাশ

মানিক মৈত্র ৬৫

পঞ্চম পুরুষ : বিষয় এক আদর্শ শিক্ষক মহানাম

পারভিন খাতুন ৭৪

# মানুষ গড়ার কারিগর : একটি আদর্শের মৃত্যু

## কৃষ্ণ মোহন ভৌমিক

*Phakendraly*  
Principal  
Kalipada Ghosh Tarai Mahavidyalaya  
PRINCIPAL  
Kalipada Ghosh Tarai  
Mahavidyalaya  
Bagdogra

শিক্ষক—এই শব্দটি যেন সর্বগুণের সমষ্টির প্রতিমূর্তি। শব্দটির সঙ্গে জড়িয়ে আছে আদর্শ, জ্ঞান, মূল্যবোধ প্রভৃতি যাবতীয় গুণাবলি। বাংলা সাহিত্যের নানাস্থলেই শিক্ষক চরিত্রের এইসব গুণাবলির প্রকাশ আমরা প্রত্যক্ষ করতে পারি। কিন্তু কথাসাহিত্যিক মনোজ বসু তাঁর ‘মানুষ গড়ার কারিগর’ (১৯৫৯) উপন্যাসে শিক্ষকদের যে কঙ্কালসার রূপ অঙ্কন করলেন, তা সেইসময়ের সাহিত্যেও যেমন ছিল অভূতপূর্ব, তেমনি আজও অনেকাংশে অনুপস্থিত। বাস্তব অভিজ্ঞতায় উপন্যাসে শিক্ষকদের শুধু করুণরূপ তুলে ধরেই তিনি ক্ষান্ত হননি, তার অন্তর্নিহিত কারণের প্রতিও ইঙ্গিত করেছেন।

প্রত্যেক লেখকেরই রচনায় থাকে তাঁর ব্যক্তিক অভিজ্ঞতা ও অনুভূতি। এই অভিজ্ঞতা উপন্যাস রচয়িতারও এক বড়ো উপাদান, অভিজ্ঞতাহীন লেখকের পক্ষে উন্নত উপন্যাস রচনা সম্ভব নয়। কথাসাহিত্যিক মনোজ বসু তাঁর ‘মানুষ গড়ার কারিগর’ উপন্যাসটি রচনায় ব্যক্তিগত জীবন অভিজ্ঞতার দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছিলেন। শিক্ষকতাকে বৃত্তি হিসাবে গ্রহণ করেছিলেন তিনি। কলকাতার সাউথ সাবারবন স্কুলে শিক্ষকতা করতেন। সেখানকার নানা অভিজ্ঞতা তাঁকে উপন্যাসটি রচনার প্রেরণা জুগিয়েছে। এ বিষয়ে তিনি নিজেই এক জায়গায় লিখেছেন—

“আমি একটা বই লিখতে চাই ইস্কুল নিয়ে। খানিকটা আক্ৰোশ নিয়ে বইকি। ... যৌবনের প্রতিটি মধুভরা দিনমানের অপমৃত্যু ঘটেছে কোলকাতায় একটি ইস্কুলের চতুঃসীমার মধ্যে। ...বিদ্যাগার বলব না, মানুষ গড়ার কারখানা। ...আমি জনৈক কারিগর ছিলাম সেই কারখানায়। ...মহামতি কত চাণক্য ও চার্চিল দিবানিদ্ৰাটা দুপুরের ক্লাসে সেরে নিয়ে রাত্রে ও সকালে গুপ্ত-অধ্যাপনা অর্থাৎ প্রাইভেট টুইশানিতে ছুটোছুটি করেন, দুর্ধর্ষ কত হিটলার বলে কৌশলে কারখানার কর্তা হয়ে বসে কারিগরবর্গকে নাস্তানাবুদ করেন—পরিচয় পেলে চমৎকৃত হবেন।”